**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**23 NOVEMBER 2024** **7:35 AM IST**

==========================================================================

আসাম সহ ১৪ টি রাজ্যের ৪৮টি বিধানসভা এবং দুটি লোকসভা আসনের উপ-নির্বাচনের ভোটগণণা কিছু সময়ের মধ্যে আরম্ভ হবে ।

রাজ্যের পাঁচটি বিধানসভা আসনের উপ-নির্বাচনের ভোটগণণা আজ সকাল ৮ টা থেকে একইসঙ্গে মোট ৫ টি কেন্দ্রে অনুষ্ঠিত হবে । ধলাই ,সিদলী ,বঙ্গাইগাঁও ,বিহালী ও সামগুড়ি বিধানসভা আসনের ভোটগণণা মোট ৬৮ টি টেবিলে অনুষ্ঠিত হবে । এছাড়াও এই পাঁচটি বিধানসভা আসনের পোস্টাল ব্যালটগুলি গণনার জন্যও মোট ৯ টি টেবিলে ভোটগণণা করা হবে ।এরপর ৮৫ বছরের উর্দ্ধে ভোটদাতাদের ব্যালটে দেওয়া ভোটগুলি গণণা করা হবে । দুপুরের মধ্যে ভোটগণণার ফলাফল ঘোষনা করার সম্ভাবনা রয়েছে । বিভিন্ন জেলার নির্বাচনী আধিকারিকের উদ্ধৃতি দিয়ে আমাদের জেলা সংবাদদাতারা জানিয়েছেন যে ধলাই বিধানসভা কেন্দ্রের ভোটগণনা রামনগর আন্তঃরাজ্য ট্রাক টার্মিনেলে , সিদলী বিধানসভা কেন্দ্রের ভোটগণনা কাজলগাঁওয়ের জেলা কেন্দ্রে , বঙ্গাইগাঁও বিধানসভা কেন্দ্রের ভোটগণনা বঙ্গাইগাঁও কলেজে , বিহালী ও সামগুড়ি বিধানসভা কেন্দ্রের ভোটগণনা জেলা আয়ুক্তের কার্যালয়ের কেন্দ্রে অনুষ্ঠিত হবে । ভোটগনণার জন্য প্রায় ৩৫০ জন কর্মচারীকে নিয়োগ করা হয়েছে । ভোটগণনা কার্য সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সব ব্যাবস্থা সম্পূর্ণ করা হয়েছে এবং ভোটগনণা কেন্দ্রগুলিতে নিরাপত্তা ব্যাবস্থা কঠোর করা সহ ভোটগণণার ফলাফল প্রার্থী ও সংবাদমাধ্যমকে জানানোর জন্য বিশেষ ব্যাবস্থা গ্রহণ করা হয়েছে । আগেই জানানো হয়েছে যে এই

আসনগুলিতে গত ১৩ নভেম্বর অনুষ্ঠিত উপ-নির্বাচনের ভোটগহণে সামগ্রিকভাবে প্রায় ৭৬ শতাংশ ভোটদাতা ভোটদান করেছেন । উল্লেখ্য আজ ঝারখন্ড ও মহারাষ্ট্র বিধানসভা নির্বাচনের ভোটগণণাও অনুষ্ঠিত হবে ।

---

আসাম রাজ্য বিদ্যালয় পর্ষদ ২০২৫ সালে অনুষ্ঠেয় হাইস্কুল শিক্ষান্ত পরীক্ষার প্র-পত্র পূরণের জন্য আগামী ২৫ শে নভেম্বর পুনরায় পোর্টেল চালু করবে । সেইঅনুযায়ী প্র - পত্র পূরণের বাকী থাকা সব কাজ ২৬ শে নভেম্বরের মধ্যে সম্পূর্ন করতে পর্ষদ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে আহ্বান জানিয়েছে । একইভাবে ফি আদায়ের শেষ তারিখ আগামী ২৭ শে নভেম্বর নির্ধারণ করা হয়েছে । প্র-পত্র পূরণের দিন পরবর্তী সময়ে আর বৃদ্ধি করা হবেনা বলে পর্ষদ স্পষ্টভাবে জানিয়েছে ।এদিকে পর্ষদ অফলাইনে কোনো ধরণের প্র-পত্র গ্রহণ করা হবেনা বলে ও জানিয়েছে ।

---

গ্রামীণ জল ব্যাবস্থাপনার উন্নয়নমূলক কাজের অগগ্রতির খোঁজ নিতে কাছাড় জেলা পরিষদের মূখ্য কার্যবাহী আধিকারিক প্রণব কুমার বরা গতকাল লক্ষীপুর ব্লকের অধীন বাদ্রীপার জল সরবরাহ প্রকল্পটি পরিদর্শন করেন । পরিদর্শনকালে শ্রী বরা ব্যাক্তিগতভাবে এম ওয়াটার অ্যাপ্লিককেশন ব্যাবহার করে প্রাথমিক মূল্যায়ন জরিপ পরিচালনা করেন ,স্বচ্ছতা ও ডেটা চালিত উন্নয়ন নিশ্চিত করার জন্য একটি পদ্ধতি প্রদর্শন করেন । এছাড়াও তিনি ডব্লিউ ইউ সি সদস্য ,জলমিত্র , হিতাধিকারী এবং প্রকল্পের সঙ্গে

জড়িত ব্যাক্তিদের সঙ্গে নিয়মিত পানীয় জলের সরবরাহ্ নিশ্চিত করা , দক্ষ শুল্ক সংগ্রহ্ এবং জলের গুণগত মান পরীক্ষায় এফ টি কে মহিলা গোষ্ঠীর ভূমিকা নিয়ে আলোচনা করেন ।

---

নাবার্ডের উদ্যোগে স্বয়মসিদ্ধা ঋণ যোজনার ওপর গতকাল শিলচরে একদিনের ক্ষমতা বৃদ্ধি অর্থাৎ কেপাসিটি বিল্ডিং এর কর্মশালা অনুষ্ঠিত হয়েছে । শিলচরের ইটখোলা স্থিত এন আর এল এমের কম্যুনিটি ম্যানেজমেন্ট ট্রেনিং সেন্টারে আয়োজিত এই কর্মশালায় স্বয়মসিদ্ধা ঋণ যোজনার ওপর বিস্তারিত আলোচনা করা হয় । বিশেষভাবে মহিলাদের জন্য যারা স্বনির্ভর হতে আগ্রহী তাদের ব্যাক্তিগত ঋণের মাধ্যমে আর্থিক সহায়তা প্রদান করা এই কর্মশালার মূল লক্ষ্য । অনুরূপভাবে আগামী ২৯ শে নভেম্বর হাইলাকান্দি জেলায়ও এসম্পর্কীত একদিনের কর্মশালার আয়োজন করা হবে ।

---

হাইলাকান্দির অতিরিক্ত জেলা আয়ুক্ত কাটলীছড়ার ২১ এ পি ব্যাটেলিয়ন ক্যাম্প হেডকোয়ার্টারের ফায়ারিং রেঞ্জের চতুর্দিকের ৫০০ মিটার বরাবর এলাকায় আগামী ২৫ শে নভেম্বর থেকে ২৫ ডিসেম্বর পর্যন্ত প্রতিদিন সকাল ৬ টা থেকে বিকেল ৪ টা পর্যন্ত জনসাধারণ ও গবাদিপশুর চলাফেরার ক্ষেত্রে নিষেধাজ্ঞা জারি করেছেন । ২১ এ পি

ব্যাটেলিয়ানের বার্ষিক গুলি চালনা মহাড়ার জন্য এই নিষেধাজ্ঞা জারি করা হয়েছে ।

---

হাইলাকান্দি জেলায় ডিসেম্বর মাসের খাদ্য সুরক্ষার চাল বরাদ্দ করা হয়েছে ।অন্তোদয় অন্ন যোজনার কার্ড প্রতি ৩৫ কিলোগ্রাম করে চাল এবং প্রায়রিটি হাউজহোল্ড কার্ডের মাথাপিছু ৫ কেজি করে চাল ডিসেম্বর মাসের এক তারিখ থেকে দশ তারিখের মধ্যে রেশন দোকানের মাধ্যমে বন্টন করা হবে ।

---

নেহরু যুব কেন্দ্র সংগঠনের শ্রীভূমি জেলা উপ-সঞ্চালক এক বিজ্ঞপ্তিতে নতুন দিল্লীতে অনুষ্ঠিত জাতীয় যুব উৎসব-২০২৫ এ অংশ নেওয়ার জন্য শ্রীভূমি জেলার যুবাদের অনলাইন কুইজ প্রতিযোগীতায় অংশগ্রহনের আহ্বান জানিয়েছেন । বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে আগামী ২৫শে নভেম্বর থেকে অনলাইন কুইজ প্রতিযোগীতায় অংশগ্রহন করা যাবে । এজন্য আগামী ২৫শে নভেম্বর থেকে ৫ই ডিসেম্বর পর্য্যন্ত মাই ভারত পোর্টালে লগ ইন করতে হবে । বিশদ বিবরনের জন্য নেহরু যুব কেন্দ্রের কার্য্যলয়ে সকাল ১০টা থেকে বিকেল পাঁচটা পর্য্যন্ত যোগাযোগ করতে বলা হয়েছে । উল্লেখ্য জেলা পর্য্যায়ের বিজয়ীরা রাজ্য পর্য্যায়ে এবং রাজ্য পর্য্যায়ে বিজয়ীরা জাতীয় পর্য্যায়ে অংশ নিয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে মত বিনিময় করতে পারবেন ।

---

-----------------------------------------------------------------------------------------------------------------------------------------